বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

জরুরি

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.২৬৪

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: যে কোন প্রকল্পের আওতায় মাঠপর্যায়ে বাপাউবো'র পানি নিষ্কাশন অবকাঠামো, বেড়ীবাঁধ, নদী/খাল পুনঃখনন, স্থায়ী নদীতীর প্রতিরক্ষা কাজ সহ যে কোন পূর্তকাজের উদ্বোধনী অনুষ্ঠান প্রসঙ্গে।**

সূত্র: গত ২৪.০৫.২০২৩খ্রিঃ অনুষ্ঠিত আরএডিপি পর্য্যালোচনা সভার নির্দেশনা।

উপযুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৪.০৫.২০২৩খ্রিঃ মাননীয় প্রতিমন্ত্রী, পাসম মহোদয়ের সভাপতিত্বে পানি সম্পদ মন্ত্রণালয়ের আরএডিপি পর্য্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় যে কোন প্রকল্পের আওতায় মাঠপর্যায়ে বাপাউবো'র পানি নিষ্কাশন অবকাঠামো, বেড়ীবাঁধ, নদী/খাল পুনঃখনন, স্থায়ী নদীতীর প্রতিরক্ষা কাজ সহ যে কোন পূর্তকাজের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে মাঠপর্যায় হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পানি সম্পদ মন্ত্রণালয় এবং বাপাউবো কে অবহিতকরণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। এক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার স্থানীয় জনপ্রতিনিধির (মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/সংসদ সদস্য) সাথে সমন্বয় করে উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করতে হবে।
এ বিষয়ে মাঠপর্যায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

২৫-০৫-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
প্রধান প্রকৌশলী (পুর)
০২-২২২২৩০১০০
ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী (সকল)।

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.২৬৪/১ (৯)

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

২। অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;
৭। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;
৮। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয় এবং
৯। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব ), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পত্রটি বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৫-০৫-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
প্রধান প্রকৌশলী (পুর)